

Times Today BD

এসকে সোহেল | খুলনা | 13 May, 2025

বাগেরহাটে এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের মাঝে ছাত্রদলের উদ্যোগে পানি, ও খাবার স্যালাইন বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার (১২ মে) বাগেরহাট জেলা শহরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে গিয়ে এসএসসি ও সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মাঝে পানি ও খাবার স্যালাইন বিতরণ করেন বাগেরহাট ছাত্রদলের নেতা কর্মী।

এসময় বাগেরহাট জেল ছাত্রদলের সদ্য সাবেক সাধারণ সম্পাদক আলী সাদ্দাম আহমেদ দীপ এর নির্দেশনায় পরীক্ষার্থীদের মাঝে খাবার পানি ও স্যালাইন বিতরণ করা হয়।

এতে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক, আব্দুল কাদের শেখ সাগর, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক, পিয়াস হাওলাদার, সাবেক সহ সমাজ সেবা বিষয়ক সম্পাদক, মোঃ মিজান শেখ, চিতলমারি উপজেলা ছাত্রদলের সাবেক যুগ্ম আহ্বায়ক, আশরাফুল ইসলাম, ১ নং কাড়াপাড়া ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি, শেখ ফরিদ হাসান রিয়াদ, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক, হীরক, সরকারি পি.সি কলেজ ছাত্রদলের ছাত্রনেতা, সামির, ছাত্রনেতা মুন্না, ছাত্রনেতা মিলনসহ আরো অনেকে।

বাগেরহাট জেলা ছাত্রদলের সদ্য সাবেক সাধারণ সম্পাদক আলী সাদ্দাম আহমেদ দীপ বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাংগঠনিক অভিভাবক জনাব তারেক রহমান-এর নির্দেশনায় এই কর্মসূচি বাস্তবায়িত হয়। এসএসসি ও

সমমান পরীক্ষার্থীদের মাঝে আমরা এই খাবার পানি, স্যালাইন বিতরণ করছি। অতিরিক্ত গরম থেকে কিছুটা স্বস্তি দিতেই আমাদের এ ক্ষুদ্র প্রয়াস। শিক্ষায় মনোনিবেশে ছাত্রদল সর্বদা শিক্ষার্থীদের পাশে থেকে বন্ধু সুলভ আচরণ করবে। ছাত্রদলের এ উদ্যোগ আগামীতেও অব্যাহত থাকবে।

ছাত্রদল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:00

URL: <https://www.timestodaybd.com/public/khulna/2433544975>